R. N: No. 2532/57 Phone No, RGG, 112 Regd. No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা - স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

সবার সেরা
কালি, গাম প্যাড ইঙ্ক
প্যারাগন কালি
প্যারাফিক্স, প্যাড ইঙ্ক
শ্যামনগর
২৪-পরগণা

৭০শ বর্ষ
২৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৫ই কার্ত্তিক, বুধবার, ১৩৯০ সাল
২রা নভেম্বর, ১৯৮৩ সাল

নগদ মূল্য : ২৫ পয়সা
বার্ষিক ১২ টাঃ, সডাক ১৪ টাঃ

## মামলার জটিলতায় রঘুনাথগঞ্জ—১ পঞ্চায়েতে অচলাবস্থা

রাজনৈতিক সংবাদদাতা : পঞ্চায়েতী বিরোধ নিয়ে সৃষ্ট মামলার ফলে রঘুনাথগঞ্জ ১ ব্লকের পঞ্চায়েতের কাজকর্ম বন্ধ হয়ে পড়ায় ওই ব্লকে নানা ক্ষেত্রে জটিলতা দেখা দিয়েছে। কলকাতা হাইকোর্টে ওই মামলা এনেছেন কংগ্রেসের এক সদস্য। আদালত এ সম্পর্কে নিষেধাজ্ঞা জারী করে এক আদেশ দেওয়ায় ওই পঞ্চায়েত সমিতির সভাপতি অনিল মুখারজি ( সি পি এম ) বর্ত্তমানে কার্যতঃ ঠুঁঠো জগন্নাথ হয়ে রয়েছেন। আদালতের নির্দ্দেশের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিতে স্থায়ী কমিটিগুলির কোনো সভা অনুষ্ঠিত করা যাবে না। অথচ পঞ্চায়েত বিধি অনুসারে স্থায়ী কমিটির সভা ডেকেই পঞ্চায়েত সমিতি যাবতীয় সিদ্ধান্ত নেবেন এবং তা রূপায়ণ করবেন বলে উল্লেখিত আছে। কলকাতা হাইকোর্ট এ ব্যাপারে তাঁর আদেশ পালনের জন্য ব্লকের বি, ডি, ও, এবং এস, ডি, ও কে নির্দ্দেশ দিয়েছেন। জানা গেছে, কয়েকদিন আগে সভাপতি 'অর্থ' স্থায়ী কমিটি'র একটি সভা ডাকার জন্য সুপারিশ করেন। সে সুপারিশ পরে নাকচ করে দেন বিডিও নিখিল মণ্ডল। পঞ্চায়েত বিরোধের এই মামলা যতদিন না নিষ্পত্তি হয় ততদিন এই অচলাবস্থা চলতে থাকবে। অবশ্য এই অচল অবস্থা কাটাতে আদালত যদি বি ডি ও-কে পঞ্চায়েত সমিতির 'এ্যাডমিনিসট্রেটর' নিয়োগ করেন তবে ভিন্ন কথা। এদিকে পঞ্চায়েত নির্বাচনের কয়েক মাস অতিবাহিত হয়ে গেলেও এ পর্যন্ত নির্বাচিত নতুন কর্মকর্ত্তারা সরকারী ভাঁড়ার থেকে একটি পয়সাও পান নি। কবে পাবেন তারও কোন ঠিক নেই। ফলে পঞ্চায়েতের যাবতীয় উন্নয়নমুলক কাজ দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে। অন্যদিকে রাজনৈতিক সুত্রের খবর, রঘুনাথগঞ্জ—১ ব্লকের বিভিন্ন ঘটনাবলীতে সি পি এম, ও আর এস পি মহল অসন্তোষ প্রকাশ করেছেন। সি পি এমের এক নেতার মতে, জঙ্গিপুর প্রশাসনের কিছু আমলা কংগ্রেস-ই'র সঙ্গে হাত মিলিয়ে অচলাবস্থা সৃষ্টিতে ইন্ধন যোগাচ্ছেন ওই ব্লকের বি ডি ও এবং এস ডি ও'র আচার আচরণেও তারা ক্ষুব্ধ। ওই নেতার মতে, সবকিছুর মুলে ওই দুই আমলা। তারা কংগ্রেসীদের সঙ্গে হাত মিলিয়েই সবকিছু করছেন বলে তাঁর অভিযোগ।

## ডাক বিভাগের কেরামতিতে ভোগান্তি বাড়ছে

বিশেষ সংবাদদাতা : ডাক বিভাগের একশ্রেণীর কর্ম্মচারীর গাফিলতি এবং অসাধুতার ফলে সাধারণ মানুষকে অশেষ বিড়ম্বনায় পড়তে হচ্ছে, সম্প্রতি তার কয়েকটি দৃষ্টান্ত আমাদের হাতে এসেছে। 'জঙ্গিপুর সংবাদ' পত্রিকাগোষ্ঠীর তরফে ডাকযোগে পাঠানো পত্রিকাগুলিও ঠিকমত যথাসময়ে গ্রাহক হাতে পৌঁচুচ্ছে না বলে গাদা গাদা অভিযোগ আসছে। বহু গ্রাহক জানিয়েছেন, পাঠানো পত্রিকার বহু সংখ্যা তারা পাচ্ছেন না। এগুলি মাঝপথে রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যাচ্ছে। আমাদের সন্দেহ কিছু কিছু ডাককর্মীর গাফিলতি ও অসাধুতার ফলেই এমনটি ঘটছে। গত কয়েকদিনে, বহুপূর্বে পাঠানো কয়েকটি পত্রিকা আমাদের দপ্তরে ফিরে এসেছে অদ্ভুতভাবে। অজগরপাড়ার ঠিকানা লেখা এক গ্রাহকের কাগজটি ফিরে এসেছে আগরপাড়া থেকে। লিলুয়ায় এক গ্রাহকের নামে পাঠানো

জের ২য় পৃষ্ঠায়

## প্রশাসন উদ্বিগ্ন

নিজস্ব সংবাদদাতা : বহরমপুরের কাছে টিকটিকিপাড়া গ্রামের দুর্গা প্রতিমাটি এখনও পর্যন্ত বিসর্জন না হওয়া নিয়ে জেলা প্রশাসন উদ্বিগ্ন। পাশের গ্রামের দুটি দুর্গা প্রতিমা এক আমলার নির্দ্দেশ জয়কয় পুলিশ জোর করে একটি নোংরা ডোবায় বিসর্জন করে দেওয়ার প্রতিবাদেই নাকি টিকটিকিপাড়ার প্রতিমাটি নিরঞ্জন করা হয় নি বলে জানা গেছে। এ নিয়ে ওই অঞ্চলে উত্তেজনা রয়েছে। এ সম্পর্কে পূজোর উদ্যোক্তারা হাজার হাজার প্রচারপত্র বিলি করেছেন।

## ধুলিয়ানে ডাকাতি
### ৪ ডাকাত গ্রেপ্তার

ধুলিয়ান : ধুলিয়ান রেল ষ্টেশনের কাছে এক বাড়িতে দুঃসাহসিকভাবে ডাকাতি করার দায়ে পুলিশ চার ডাকাতকে গ্রেপ্তার করেছে। এই সঙ্গে স্থানীয় এক স্বর্ণকারকেও লুণ্ঠিত সামগ্রী কেনার অভিযোগে আটক করেছে। পুলিশী সুত্রে প্রকাশ, ধৃতদের কাছ থেকে পুলিশ কিছু লুণ্ঠিত জিনিসপত্র ও কয়েকটি তাজা বোমা উদ্ধার করেছে। প্রকাশ, ১৬ অক্টোবর রাত্রে ২৫।৩০জনের একটি ডাকাত দল রেলষ্টেশনের কাছে এক বাড়ীতে চড়াও হয়। বাড়ীর লোকজনকে মারধোর কোরে প্রায় ২০ হাজার টাকার গহনা ও জিনিসপত্র নিয়ে পালায়। গৃহস্বামী ডাকাতদের কয়েকজনকে চিনে ফেললে পুলিশ তাদের মধ্যে ৪ জনকে গ্রেপ্তার করে।

## হঠাৎ বাস ধর্ম্মঘটে যাত্রীদের ভোগান্তি

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ—সাগরদীঘি রুটের সমস্ত বাস বেশ কিছুদিন ধরে বন্ধ থাকায় হাজার হাজার যাত্রী অসহায় অবস্থার মধ্যে পড়েছেন। ২৫ অক্টোবর মির্জাপুর গ্রামে এক বাস কনডাক্টরকে মারধোর করার প্রতিবাদেই রুটের বাসগুলি চলাচল বন্ধ রেখেছে। জঙ্গীপুর প্রশাসনের পক্ষ থেকে বাস ধর্মঘট তুলে নেওয়ার অনুরোধ জানালে বাসকর্মচারীরা তা প্রত্যাখান করেছেন। তাদের বক্তব্য প্রহারকারীকে উপযুক্ত শাস্তি ও নিরাপত্তার ব্যবস্থা না করা হলে ওই রুটে বাস চালানো হবে না।

সর্ব্বোভ্যো দেবেভ্যো নমঃ।


# জঙ্গিপুর সংবাদ

১৫ই কার্ত্তিক বুধবার, ১৩৯০ সাল।


## আনন্দময়ীর আগমণে

মাত্র কয়েক দিন পূর্ব্বে মহা পুজার আবাহন হইতে বিসর্জ্জন পর্য্যন্ত কয়েকটি দিন বাঙ্গালীর হৃদয়ে মহানন্দের আলোড়ন লক্ষিত হইল। আনন্দময়ীর আগমনে আনন্দে গেল যে দেশ ছেয়ে। এই বিশেষ দিন কয়েকটিতে দেবীর পূজা প্রাঙ্গনে বাঙ্গালী হৃদয়ের প্রার্থনা দেবীর চরণে শুধু দেহি দেহি। মা আমাদের মনে শান্তি দাও, সামর্থ দাও, অর্থ দাও, দুঃখ দারিদ্র দূর কর এই প্রার্থনা শ্রুত হইল। সে প্রার্থনা শুনিয়া মনে পড়িল প্রয়াত দাদা ঠাকুরের একটি রচনা "সুখদাং বরদাং মাতরম্"। তাহা উদ্ধৃত করিবার লোভ সম্বরণ করিতে পারিলাম না।

মা আমাদের যে কিছুই নাই। সকল দিকেই অভাব, সকল বস্তুরই অনটন।

আমরা অন্নাভাবে ক্ষুধার্ত্ত, জলাভাবে তৃষার্ত্ত, বস্ত্রাভাবে শীতার্ত্ত, চিকিৎসা ভাবে রোগার্ত্ত, বলা ভাবে ভয়ার্ত্ত, অর্থাভাবে বিপন্ন, দুর্ভাবনায় অবসন্ন। তাই মা তোমাকে জানাইতেছি আমাদের অভাব অভিযোগের অবধি নাই। আমাদের সবই চাই। বরাভয়দাত্রী। তোমার বরে আমাদের সকল সাধ পূর্ণ হউক। আমাদের শঙ্কা দূর হউক।

"অন্ন চাই, প্রাণ চাই
আলো চাই, চাই মুক্ত বায়ু,
চাই বল চাই স্বাস্থ,
চাই আনন্দ উজ্জ্বল পরমায়ু",

আমাদের ক্রমাগত ও কেবল দেহি দেহি রব মাত্র সম্বল। অন্ন, জল, স্বাস্থ্য, শক্তি, আনন্দ সবই দিতে হইবে। তবে মা, আমাদের প্রার্থিত অন্ন দাসত্বের নিবীর্য্য অন্ন নয়, প্রবঞ্চনা প্রতারণার কদর্যান্ন নয়, ভিক্ষালব্ধ মৃতান্ন নয়। আমরা চাই সদুপায়ের শুদ্ধান্ত স্বাবলম্বনের অমৃত ভোগ; "মাথার ঘাম পায়ে ফেলার" মোটা ভাত মোটা কাপড়। সেই অন্ন, যাহা স্বাস্থ্য ও আনন্দোজ্জ্বল পরমায়ুর নিঃসংশয়িত নিদান। প্রাণ চাই, যে প্রাণ পরের দুঃখে সমবেদনা, পরের সুখে সহানুভূতি প্রকাশে কুণ্ঠিত হয় না। চিত্তের কৃপণতায় সদা আছন্ন প্রাণ নয়। যে প্রাণ সদনুষ্ঠানের সহায়তায় ও সহকারিত্বে বিমূখ হয় না।

তাহার পর বল ও স্বাস্থ্য। নির্য্যাতন নিপীড়নের সামার্থ নয়,—কর্ত্তব্য সাধনের সংযত সমাহিত শক্তি। সুস্থ মন সুস্থ দেহ—এ আর ইহ জগতে কাহার কাম্য বা ঈপ্সিত নয়?

এখন আনন্দের কথা, যে আনন্দ জীবনকে উজ্জ্বল করিয়া দিবে। সে আনন্দের স্বাদ কিসে পাওয়া যায়? সেই আনন্দ চাই যাহার অস্তিত্ব কঠোর জীবন-সংগ্রামে কর্ত্তব্য কর্ম্মের সম্পাদনে, জীবন সমস্যার সমাধানে, উদ্দেশ্য সিদ্ধির কষ্ট ভোগে। ত্যাগের আনন্দ—সম্ভোগের তৃপ্তি নয়। কর্ম নিষ্ঠার আনন্দ—আলস্য অবসাদের জড়তা নয়। সেবা পরায়নতার নির্মল অনুভূতি—স্বার্থ সিদ্ধির উল্লাসময়। আত্ম নির্ভরশীলতার পুরুষত্ব পরবশতার নিশ্চেষ্টতা নয়। স্বাধীন অন্নের, অক্ষুন্ন চিত্তের, অটুট স্বাস্থ্যের, আত্ম শুদ্ধির, আত্ম সংযমের, আত্ম মর্য্যাদা বুদ্ধির আনন্দ, মনুষ্যত্ব বিকাশনের নিবিড় নিষ্কলঙ্ক আনন্দ।

উত্থান পতনের আলো ছায়ার, হর্ষ বিষাদের, শ্রম বিশ্রামের আনন্দ। সুরেশ্বরি! মা আমাকে এই আনন্দের অধিকারী কর, এই আনন্দ মন্দিরে প্রবেশের আগমন মন্ত্রে দীক্ষা দাও নির্গম আমি চাই না।

( প্রথম পৃষ্ঠার জের )

পত্রিকা ফিরে এসেছে রিটার্ণড লেটার অফিসের মাধ্যমে। সাধারণতঃ প্রেরকের ঠিকানা না দেওয়া থাকলেই চিঠিপত্র রিটার্ণড-লেটার অফিসে গিয়ে জমা হয়। 'জঙ্গিপুর সংবাদ' এর আওতায় পড়ে না। সেক্ষেত্রে পত্রিকাটি কিভাবে সেখানে গেল তা বিস্ময়কর। অজগরপাড়া পোষ্ট অফিসের অধীনে রামডোবা গ্রামে এক গ্রাহকের নামে নিয়মিত পত্রিকা যায়। মাঝে মধ্যেই দেখা যাচ্ছে তাঁর ঠিকানা লেখা পত্রিকাটি ফেরৎ আসছে। পোষ্ট অফিসের সীলমোহর মারা ফেরৎ আসা পত্রিকাগুলির উপরে লেখা 'রিফিউসড' কথাটি। অথচ সংশ্লিষ্ট গ্রাহক বার বার আমাদের অফিসে এসে পত্রিকা না পাওয়ার ব্যাপারে নালিশ জানাচ্ছেন। সবচেয়ে বিস্ময়কর কিছু কিছু সংখ্যা অবশ্য তিনি পাচ্ছেন। তিনি পত্রিকার বাৎসারিক গ্রাহক। এক্ষেত্রে 'রিফউসড' এর ঘটনাটি রীতিমত হাস্যকর। অজগরপাড়ার আরও একজন গ্রাহকের পত্রিকা 'নটনোন্' বলে ফেরৎ আসছে মাঝে মধ্যে। ওই ব্যক্তি একজন সরকারী রেশন ডিলার। ঠিকানায় তাঁর পরিচয় রয়েছে। কাজেই 'নট্ নোন'-এর ঘটনাটিও হাস্যকর। সবচেয়ে আশ্চর্য্যের বিষয় আমাদের দপ্তরে এমন কিছু পত্র পত্রিকা আসছে যাতে ডাক টিকিটের উপর পোষ্ট অফিসের কোন সীলমোহর থাকছে না। ইচ্ছে করলে এগুলিকে খুলে নিয়ে পুনরায় ব্যবহার করা যাবে। এ সমস্ত ঘটনার প্রতি ডাক বিভাগের উদ্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

## মূল্য বৃদ্ধি প্রতিরোধে ক্রেতা আন্দোলন

—দুর্ম্মুখ

সকলের মুখে মুখে এখন একটা কথাই শুনতে পাওয়া যাচ্ছে সেটা "মূল্য বৃদ্ধি" ছাপোষা সাধারণ গৃহস্থ থেকে ধনীর বৈঠকখানায়, এক কথাই শুনতে পাওয়া যাচ্ছে—'আর পারা যায় না।' কিন্তু রেডিও খুললে এর উলটা কথাই শোনা যায় মূল্য বৃদ্ধি রোধ করা সম্ভব হয়েছে। গত বারের তুলনায় এবারে মুল্য বৃদ্ধির হার অনেক কম। এ দু'টার মধ্যে পড়ে সাধারণ মানুষ হাবুডুবু খাচ্ছে। তারা বুঝতেই পারছেনা ব্যাপারটার মধ্যে গলদ কোথায়? বাজারে সব জিনিষের দাম বাড়ছে হু হু করে তবে মুল্য বৃদ্ধির হারটা কমছে কোথায়? ঘটনাটা হচ্ছে যেমন মুল্য বৃদ্ধি ঘটেছে সেভাবে সাধারণের আয় বৃদ্ধিও তো ঘটছে। সেজন্য যে হারে শতকরা হিসাবে অর্থাৎ অঙ্কের হিসেবে মুল্য বৃদ্ধির হার কমছে। কিন্তু সাধারণভাবে দেখলে দেখা যাবে বাজারে কিন্তু নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম বাড়ছে চক্রবৃদ্ধি হারে। আজ সরষের তেল ১৮, আলু ২, অন্যান্য জিনিষ হয়তো গড় তিন টাকা কেজি। পরের দিনই বাজারে দেখা গেলো সব জিনিষই বেড়েছে প্রায় ১ টাকা করে কমপক্ষে। কেন এই বৃদ্ধি? সবই কি মুনাফাবাজি বা ব্যবসাদারী চক্রান্ত? সেটা কি সম্ভব? কেননা দ্রব্যমূল্য বৃদ্ধি পেলে ক্রেতার ক্রয় ক্ষমতা কমতে বাধ্য। সেক্ষেত্রে ব্যবসাদারের বিক্রি কমলে তার মুনাফার পরিমাণ বাড়াও অকারণে। তাহলে ব্যবসাদাররা সে ক্ষতি স্ব ইচ্ছায় করবে তা হ'তে পারে না। তবে এর গলদটা কোথায়? গলদটা হচ্ছে অর্থনীতির একেবারে অতি সাধারণ স্তরে যোগান ও চাহিদার সম্পর্কের মধ্যে। অর্থাৎ চাহিদার তুলনায় যোগান কম থাকার এই মুল্য বৃদ্ধি। জঙ্গিপুরে বাজারে অর্থাৎ তহবাজারের কথাই ধরা যাক। সেখানে আগে যে সংখ্যায় মানুষজন আসতেন ক্রেতা হিসাবে তার চেয়ে বহু বেশী মানুষ আসছেন এখন।

( জের চতুর্থ পৃষ্ঠায় )

## NATIONAL THERMAL POWER CORPORATION LTD.

( A Government of India Enterprise )

### FARAKKA SUPER THERMAL POWER PROJECT

Sealed tenders are Invited from experienced and registered contractors of NTPC/CPWD/ Railways/WBSEB and Public Sectors undertakings for the following work. Tender documents can be had in person on showing the registration and credentials from the Office of the undersigned during working hours of date mentioned for sale of documents on payment of cost of tender paper for the work. Tenderers desiring documents by post should send Rs. 20/- (Rupees Twenty) only extra for the work either by IPO payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of 'NATIONAL THERMAL POWER CORPORATION LTD.' payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The tender documents will be on sale from 5. 11. 83 to 26. 11. 83 from 9,00 t0 12,00 hours and 14,30 to 16,00 hours, Tenders will be received upto the tender opening date & time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives,

| Sl. No. | Name of work | Esti-mated cost | Amt. of EMD / cost of tender paper | Completion period | Date & tim of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Earth filling for Coal Handling plant in 2A/2B & TP 2 areas at plant site of F. S. T. P. P. NIT No, FS 42 : CS : 702/T-82/83 | 4,85 Lakh | Rs. 9700/- / Rs, 50/- | One Month | 28, 11, 83 at 11 AM |

TERMS & CONDITIONS :

1. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted along with the tenders.
2. Interested parties are advised to visit the site to familiarise with the site conditions.
3. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. All the tenders must be accompanied by requisite earnest money in prescribed form, 'earnest money ............... enclosed' should clearly be written on the top of the envelope containing tender paper failing which the tender (s) may not be opened and will be returned to the tenderer (s).

Deputy Manager ( Contracts )
FARAKKA SUPER THERMAL POWER PROJECT
P. O, Nabarun, Dist, Murshidabad ( W, B,)

**National Thermal Power Corporation Ltd.**

**( A Government of India Enterprise )**

**FARAKKA SUPER THERMAL POWER PROJECT.**

**CORRIGENDUM**

**NOTICE INVITING TENDER FOR CANTEEN CONTRACT**

**N. I. T. No. FS : 42 :CS : 180/T-66/83**

Tenders were invited for running our Plant site canteen for catering meal of 300 employees and snacks for 600 employees per day as per above NIT, The last date of sale of tender documents is being extended to 26, 11, 83 and the date of opening will be at 11-00 A, M, on 28, 11, 83,

All other terms & coditions will remain unaltered,

Deputy Manager (Contracts)
Farakka Super Thermal Power Project,
P, O, Nabarun, Dist- Murshidabad ( W, B,)

**National Thermal Power Corporation Ltd.**

( A Government of India Enterprise )

FARAKKA SUPER THERMAL POWER PROJECT.

**NOTICE INVITING TENDER FOR ANNUAL SECURITY COVERAGE AT TY. TOWNSHIP AND PERMANENT TOWNSHIP OF F. S. T. P. P.**

N. I. T. No. FS : 42 : CS : 374/T-84/83

Sealed tenders are invited from experienced & reputed Security Agencies who can mobilise security personnel preferably from Ex-Servicemen for the subject work. Interested parties having experience and financial resources may collect the tender papers from the Office of the Undersigned from 5, 11, 83. to 26, 11, 83. on payment of Rs. 50/-( Rupees Fifty ) only. While applying for tender documents, intending tenderer shall furnish to the tender issuing authority proof of their experience and antocedents, financial standing, valid Income Tax & Sales Tax clearance Certificates etc. The tenderers will be required to deposit Earnest Money of Rs, 6,000/- ( Rupees Six Thousands ) only, Estimated cost 3,00 ( Three ) Lakhs,

The tenders will be received in the Office of the Undersigned upto 11-00 hours on 28, 11, 83 & will be opened immediately thereafter in presence of the attending tenderer (s) N, T, P, C, management Reserves the right to reject any or all the tenders without assigning any reason thereof.

Deputy Manager ( Contracts )
FARAKKA SUPER THERMAL POWER PROJECT
P. O, Nabarun, Dist, Murshidabad ( W, B.)

২য় পৃষ্ঠার জের

কিন্তু সেই পরিমাণে শাক-সবজী ও তরিতরকারী আমদানী হচ্ছেনা কেননা উৎপাদন ক্ষেত্র বাড়েনি। তদুপরি যান বাহনের ও পথ ঘাটের উন্নতির ও ফরক্কা, এন্ টি, পি, সির মত প্রকল্প চালু হওয়ায় নতুন বাজারে নতুন ক্রেতার প্রয়োজনে এখানকার উৎপাদন সহজেই সেখানের যোগানের প্রয়োজন মেটাতে চলে যাচ্ছে। ফল হচ্ছে শাকসব্জী ও তরিতরকারীর বা মাছের দর বৃদ্ধি। এই দর বৃদ্ধি রোধ করতে হ'লে সবজীর উৎপাদন মাছের উৎপাদন বৃদ্ধির নানা প্রকল্প রচনার প্রয়োজন। আশে পাশের গ্রামে গঞ্জে পতিত জমি যাতে না থাকে। যাতে প্রতি জমিতেই প্রয়োজন মত চাষ হ'তে পারে তার ব্যবস্থা নেওয়া ও কৃষি ঋণ প্রভৃতি দিয়ে উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ দেওয়া। মজা পুষ্করিণীর উদ্ধার করে মৎস্য চাষের উন্নতি করা। অর্থাৎ যোগান ও চাহিদার মধ্যে সমতা বিধান করা। এ ছাড়া অন্য কোন প্রকারেই এই মূল্য বৃদ্ধি রোধ সম্ভব নয়। সরষের তেলের দর বৃদ্ধি রোধ করতে হ'লে অন্যান্য তেলের ব্যবহারে মানুষ জনকে অভ্যস্ত হ'তে হবে। বাদাম ইত্যাদির চাষ বাড়িয়ে কল বসিয়ে বাদাম তেল, রেপ সিডের তেল উৎপাদন বৃদ্ধি করতে পারলে সাধারণ অর্থ নৈতিক নিয়মেই যোগান ও চাহিদার সামঞ্জস্য আনতে পারলে মূল্য বৃদ্ধি রোধ করা সম্ভব হবে। না হ'লে সরকারী পর্যায়ে আলু বিক্রি করে কিংবা রেশনে মাথাপিছু এক পোয়া চাল, আর একশো রেপসিড তেল সপ্তাহে দিয়ে দ্রব্য মুল্য বৃদ্ধি রোধ সম্ভব নয়। বৃথা চিৎকার ক'রে আন্দোলনের ডাক দিয়ে মানুষ জনের মনকে বিভ্রান্ত করা যায় কিন্তু তাতে কাজের কাজ হওয়া সম্ভব নয়।

দাস অটো ইলেকট্রিক্যাল ওয়ার্কস
উমরপুর ( ৩৪ নং জাতীয় সড়ক ) মুর্শিদাবাদ
প্রোঃ মদনমোহন দাস
এখানে গাড়ীর যাবতীয় ইলেকট্রিকের কাজ করা হয়।
এবং গ্যারান্টিসহকারে ব্যাটারী নির্মাণের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।




ফোন : ১১৫
সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর শ্লাইজ ব্রেড
মিয়াপুর : ঘোড়শালা : মুর্শিদাবাদ

কর্মখালি
হোমিওপ্যাথি ঔষধের দোকানে সেলস্ কাউন্টারের জন্য মেয়ে প্রয়োজন। ন্যূনতম যোগ্যতা এস, এফ। বেতনের অতিরিক্ত খাওয়া ও থাকার ব্যবস্থা আছে।
মেসার্স
নিউ লাইফ হোমিও ক্লিনিক
প্রোঃ শ্রীভাগচাঁদ জৈন
জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ফ্রি সেলে নন লেভি এ সি সি সিমেণ্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে আমরা সরবরাহ করে থাকি।
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ফোন : জঙ্গি ২৭, রঘু ১০৭

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।